

খুলনা ভার্শিটিতে কর্মচারী নিয়োগ প্রক্রিয়া স্থগিত

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক :
খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অব্যাহত
আন্দোলন ও ছমকির মুখে কর্মচারী নিয়োগ
প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা
করা হয়েছে।

উত্তেজিত চাকরি প্রার্থী ও তাদের
অভিভাবকদের নিয়ন্ত্রণ করার জন্য গতকাল
ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা
হয়।

খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি
তাদের নিজস্ব ৩ দফা দাবিতে কিছুদিন
যাবৎ আন্দোলন করে আসছে। শিক্ষকরা
কর্মচারী নিয়োগ বন্ধের জন্যও ছমকি দেন
এবং ৫ জনের নিয়োগ বোর্ডে ৩ জন শিক্ষক
রাখার দাবি জানান।

গতকাল ছিল কর্মচারী নিয়োগের জন্য
লিখিত পরীক্ষার নির্ধারিত দিন। সময় পার
হওয়ার পর পরীক্ষা শুরু না হওয়ায় চাকরি
প্রার্থী ও তাদের অভিভাবকরা উত্তেজিত
হয়ে হইচই শুরু করেন।

এ সময় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা
হয়। পুলিশ আসার পর কর্তৃপক্ষ নিয়োগ
প্রক্রিয়া স্থগিত রাখার নোটিশ দেন।